**কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)**

Coal Power Generation Company Bangladesh Limited (CPGCBL)

**(An enterprise of Government of the People's Republic of Bangladesh)**

**"আলোকিত দেশ, যত্নে পরিবেশ"**

স্মারক নং: ২৭.৩২.০০০০.০০০.০০৭.১১.০০০৩.২৫-**০৩১১** তারিখ: ০৯/১০/২০২৫

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শতভাগ মালিকানাধীন একটি প্রতিষ্ঠান) এর নিম্নবর্ণিত পদসমূহে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে শর্ত সাপেক্ষে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম, গ্রেড ও মূল বেতন | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স |
|---|---|---|---|
| ১) | ফোরম্যান<br>গ্রেড-১২<br>মূল বেতন-২৮,০০০/- | ০৯ টি | (ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরি প্রতিষ্ঠান হতে ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেনেন্স/মেকানিক্যাল মেইনটেনেন্স/মেশিন টুলস অপারেশন/মেশিন টুলস অপারেশন এন্ড মেইনটেনেন্স/ইলেক্ট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন বিষয়ে ০২(দুই) বছরের ট্রেড কোর্স পাশ।<br>(খ) কমপক্ষে ১২(বারো) বছর বিদ্যুৎ কেন্দ্রে চাকুরির অভিজ্ঞতাসহ ১৫(পনেরো) বছর চাকুরিকাল।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি. পাশসহ কমপক্ষে ১৫(পনেরো) বছর বিদ্যুৎ কেন্দ্রে চাকুরির অভিজ্ঞতাসহ ১৮ (আঠারো) বছর চাকুরিকাল।<br>খ) সংশ্লিষ্ট কাজে অধিক অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।<br>বয়স: ৩৫-৫০ বছর।<br>অথবা<br>কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের (আল্ট্রা সুপার ক্রিটিক্যাল) ইরেকশন/কমিশনিং/ বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে সর্বনিম্ন ০৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ উক্ত বিশেষ কাজে দক্ষ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য এবং শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন অষ্টম শ্রেণি পাস। |
| ২) | জেটি ক্রেন অপারেটর<br>গ্রেড-১৪<br>মূল বেতন-২৩,০০০/- | ০৬ টি | শিক্ষাগত যোগ্যতা: এস.এস.সি/সমমান পাশ। ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্স থাকতে হবে।<br>অভিজ্ঞতা: ক্রেন/জেটি ক্রেন চালানোর কাজে ০৪(চার) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স: ২২-৩৫ বছর<br>অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের জন্য বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিল যোগ্য।<br>অথবা<br>কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের (আল্ট্রা সুপার ক্রিটিক্যাল) ইরেকশন/কমিশনিং/ বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে সর্বনিম্ন ০৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ উক্ত বিশেষ কাজে দক্ষ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য এবং শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন অষ্টম শ্রেণি পাস। |
| ৩) | রিকেলেইমার/স্টেকার অপারেটর<br>গ্রেড-১৫<br>মূল বেতন-২০,০০০/- | ০৩ টি | শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত স্কুল বা প্রতিষ্ঠান হতে এসএসসি/এসএসসি (ভোকেশনাল) বা সমমান পাশ।<br>অভিজ্ঞতা: রিকেলেইমার/স্টেকার চালনার কাজে ০৪(চার) বছরের অভিজ্ঞতা, রিকেলেইমার/স্টেকার চালানোর যোগ্যতা সনদ, প্রযোজ্য ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স সনদ থাকতে হবে।<br>বয়স: ২২-৩৫ বছর।<br>সংশ্লিষ্ট কাজে অধিক অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।<br>অথবা<br>কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের (আল্ট্রা সুপার ক্রিটিক্যাল) ইরেকশন/কমিশনিং/ বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে সর্বনিম্ন ০৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ উক্ত বিশেষ কাজে দক্ষ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য এবং শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন অষ্টম শ্রেণি পাস। |
| ৪) | গাড়িচালক<br>গ্রেড-১৬<br>মূল বেতন-১৮,০০০/- | ০২ টি | শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত স্কুল বা প্রতিষ্ঠান হতে ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ। গাড়ি চালনার বৈধ লাইসেন্স থাকতে হবে।<br>অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স-২১-৩২ বছর<br>সংশ্লিষ্ট কাজে অধিক অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। তবে বয়স কোন ক্রমেই ৪৫(পঁয়তাল্লিশ) বছরের অধিক হবে না। |
| ৫) | টেকনিশিয়ান (এসটিজি/বয়লার)<br>গ্রেড-১৭<br>মূল বেতন-১৭,০০০/- | ০২ টি | ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরি প্রতিষ্ঠান হতে মেকানিক্যাল মেইনটেনেন্স/মেশিন টুলস্ অপারেশন/মেশিন টুলস্ অপারেশন এন্ড মেইনটেনেন্স বিষয়ে ০২(দুই) বছরের ট্রেড কোর্স পাশ।<br>(খ) সংশ্লিষ্ট কারিগরি কাজে ০২(দুই) বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি/সমমান পাশ।<br>(খ) সংশ্লিষ্ট কারিগরি কাজে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা।<br>বয়স: ২০-৩৫ বছর।<br>অথবা<br>কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের (আল্ট্রা সুপার ক্রিটিক্যাল) ইরেকশন/কমিশনিং/বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে সর্বনিম্ন ০৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ উক্ত বিশেষ কাজে দক্ষ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য এবং শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন অষ্টম শ্রেণি পাস। |

| | | | |
|---|---|---|---|
| ৬) | ইনস্ট্রুমেন্ট মেকানিকস<br>গ্রেড-১৭<br>মূল বেতন-১৭,০০০/- | ০১ টি | ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি (বিজ্ঞান)/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরি প্রতিষ্ঠান হতে ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন বিষয়ে ০২(দুই) বছরের ট্রেড কোর্স পাশ।<br>(খ) বিদ্যুৎ কেন্দ্রে সংশ্লিষ্ট কারিগরি কাজে ০২(দুই) বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি (বিজ্ঞান)/সমমান পাশ।<br>(খ) বিদ্যুৎ কেন্দ্রে সংশ্লিষ্ট কারিগরি কাজে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা।<br>বয়স: ২০-৩৫ বছর।<br>অথবা<br>কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের (আল্ট্রা সুপার ক্রিটিক্যাল) ইরেকশন/কমিশনিং/ বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে সর্বনিম্ন ০৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ উক্ত বিশেষ কাজে দক্ষ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য এবং শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন অষ্টম শ্রেণি পাস। |
| ৭) | ওয়েল্ডার<br>গ্রেড-১৭<br>মূল বেতন-১৭,০০০/- | ০১ টি | (ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরি প্রতিষ্ঠান হতে ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন বিষয়ে ০২ (দুই) বছরের ট্রেড কোর্স পাশ।<br>(খ) সংশ্লিষ্ট কারিগরি কাজে ০২(দুই) বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি/সমমান পাশ।<br>(খ) সংশ্লিষ্ট কারিগরি (ওয়েল্ডিং) কাজে ০৪ (চার)) বছরের অভিজ্ঞতা।<br>বয়স: ২০-৩৫ বছর<br>অথবা<br>কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের (আল্ট্রা সুপার ক্রিটিক্যাল) ইরেকশন/কমিশনিং/ বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে সর্বনিম্ন ০৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ উক্ত বিশেষ কাজে দক্ষ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য এবং শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন অষ্টম শ্রেণি পাস। |
| ৮) | ফিটার<br>গ্রেড-১৭<br>মূল বেতন-১৭,০০০/- | ০৪ টি | (ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি (বিজ্ঞান)/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরি প্রতিষ্ঠান হতে মেকানিক্যাল মেইনটেনেন্স/মেশিন টুলস অপারেশন/মেশিন টুলস অপারেশন এন্ড মেইনটেনেন্স বিষয়ে ০২(দুই) বছরের ট্রেড কোর্স পাশ।<br>(খ) সংশ্লিষ্ট কারিগরি কাজে ০২(দুই) বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি/সমমান পাশ।<br>(খ) বিদ্যুৎ কেন্দ্রে সংশ্লিষ্ট কারিগরি কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।<br>বয়স: ২০-৩৫ বছর।<br>অথবা<br>কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের (আল্ট্রা সুপার ক্রিটিক্যাল) ইরেকশন/কমিশনিং/ বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে সর্বনিম্ন ০৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ উক্ত বিশেষ কাজে দক্ষ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য এবং শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন অষ্টম শ্রেণি পাস। |
| ৯) | ইলেক্ট্রিশিয়ান/টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল)<br>গ্রেড-১৭<br>মূল বেতন-১৭,০০০/- | ০৩টি | (ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি (বিজ্ঞান)/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরি প্রতিষ্ঠান হতে ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেনেন্স বিষয়ে ০২(দুই) বছরের ট্রেড কোর্স পাশ।<br>(খ) বিদ্যুৎ কেন্দ্রে সংশ্লিষ্ট কারিগরি কাজে ০২(দুই) বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি/সমমান পাশ।<br>(খ) বিদ্যুৎ কেন্দ্রে সংশ্লিষ্ট কারিগরি কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।<br>বয়স: ২০-৩৫ বছর।<br>অথবা<br>কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের (আল্ট্রা সুপার ক্রিটিক্যাল) ইরেকশন/কমিশনিং/ বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে সর্বনিম্ন ০৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ উক্ত বিশেষ কাজে দক্ষ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য এবং শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন অষ্টম শ্রেণি পাস। |
| ১০) | আর্মেচার উইন্ডার<br>গ্রেড-১৭<br>মূল বেতন-১৭,০০০/- | ০১ টি | যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি (ভোকেশনাল) বা এসএসসি (বিজ্ঞান)/সমমান পাশের সনদ থাকতে হবে। সংশ্লিষ্ট কারিগরি কাজে ০২(দুই) বছরের অভিজ্ঞতা।<br>বয়স: ২০-৩২ বছর।<br>অথবা<br>কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের (আল্ট্রা সুপার ক্রিটিক্যাল) ইরেকশন/কমিশনিং/ বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে সর্বনিম্ন ০৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ উক্ত বিশেষ কাজে দক্ষ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য এবং শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন অষ্টম শ্রেণি পাস। |
| ১১) | টেকনিশিয়ান (আইসিটি)<br>গ্রেড-১৭<br>মূল বেতন-১৭,০০০/- | ০১ টি | শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত স্কুল বা প্রতিষ্ঠান হতে এসএসসি, এসএসসি (ভোকেশনাল) বা সমমান পাশ।<br>অভিজ্ঞতা: কম্পিউটার সার্ভিসিং এর কাজে ০৪(চার) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স: ২২-৩৫ বছর। |
| ১২) | নিরাপত্তা সহায়ক/প্রহরী<br>গ্রেড-১৯<br>মূল বেতন-১৪,৫০০/- | ০২ টি | শিক্ষাগত যোগ্যতাঃ স্বীকৃত স্কুল বা প্রতিষ্ঠান হতে এসএসসি বা সমমান পাশ।<br>প্রার্থীর উচ্চতা কমপক্ষে ৫'-৪'', বক্ষ ৩২"<br>বয়স: ১৮-৩২ বছর।<br>অভিজ্ঞতা: আইন শৃঙ্খলা সম্পর্কিত প্রাথমিক জ্ঞান ও প্রশিক্ষণ থাকতে হবে।<br>অবসরপ্রাপ্ত সেনা/বিজিবি/পুলিশ/আনসার বাহিনীর সদস্যদের বয়স ও শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলক্রমে অগ্রাধিকার দেয়া হবে। |

| | | | |
|---|---|---|---|
| ১৩) | রাজমিস্ত্রী/মেশন<br>গ্রেড-১৯<br>মূল বেতন-১৪,৫০০/- | ০২ টি | স্বীকৃত স্কুল/প্রতিষ্ঠান হতে জেএসসি বা সমমান/৮ম শ্রেণি পাশ।<br>অভিজ্ঞতা: রাজমিস্ত্রী/মেশন হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স: ১৮-৩২ বছর। |

**ভাতা ও অন্যান্য সুবিধা:**

ক) সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ এবং সিপিজিসিবিএল এর পে-স্কেল-২০১৬ অনুযায়ী বাড়ি ভাড়া, প্রতি বছর ০২টি উৎসব ভাতা, নববর্ষ ভাতা, যৌথ ভবিষ্য তহবিল, গ্রুপ ইন্স্যুরেন্স, অর্জিত ছুটি নগদায়ন, গ্র্যাচুইটি, চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন;

খ) কর্মচারী কর্তৃক আয়কর প্রদান করতে হবে।

**চাকুরির ধরন:**

০১ (এক) বছর শিক্ষানবিশকালসহ প্রাথমিকভাবে ০৩(তিন) বছরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগযোগ্য এবং সন্তোষজনক কর্মমূল্যায়ন (Performance Appraisal) এর ভিত্তিতে চাকুরির মেয়াদ ৬০(ষাট) বছর বয়স পর্যন্ত নবায়নযোগ্য।

**সাধারণ শর্তাবলি:**

১) সরকারি-আধাসরকারি, স্বায়ত্তশাসিত অথবা সরকারি মালিকানাধীন কোম্পানি/প্রতিষ্ঠান এ কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

২) শিক্ষা জীবনের কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি প্রাপ্তদের আবেদন গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে পাসের ক্ষেত্রে জিপিএ-৫ স্কেলে ন্যূনতম-৩.৫০ এবং সিজিপিএ-৪ স্কেলে ন্যূনতম-২.৭৫ প্রাপ্ত হতে হবে; বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের কপি জমা প্রদান করতে হবে;

৩) আবেদনপত্র বাছাইয়ের পর শুধু উপযুক্ত বিবেচিত প্রার্থীদের নির্বাচনী (লিখিত/মৌখিক) পরীক্ষায় ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৪) কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ এর বিধি-৪.১(এফ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণসহ আইনানুগ শাস্তির আওতায় আনা হবে;

৫) কোন কারণ দর্শানো ব্যতিরেকে সিপিজিসিবিএল কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত/সকল দরখাস্ত বা নিয়োগ প্রক্রিয়া বাতিলের ক্ষমতা রাখে;

৬) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের হ্রাস/বৃদ্ধি করার অধিকার সিপিজিসিবিএল কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে সিপিজিসিবিএল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

৭) প্রার্থীকে সিপিজিসিবিএল এর যেকোন দপ্তর/বিভাগে কাজ করার মানসিকতা থাকতে হবে;

৮) প্রার্থীকে চ্যালেঞ্জিং এবং চাপযুক্ত পরিবেশে কাজ করার মানসিকতা থাকতে হবে;

৯) বিভাগীয় প্রার্থীদের বয়স শিথিলযোগ্য। তবে, যেকোন এন্ট্রি পদে বিভাগীয় প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য থাকবে;

১০) কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে;

১১) বয়স প্রমাণের জন্য কোন অ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়;

**আবেদন প্রক্রিয়া:**

১) আগ্রহী প্রার্থীগণকে (**http://cpgcbl.teletalk.com.bd**) হতে নির্ধারিত **'আবেদন ফরম'** পূরণপূর্বক আবেদন করতে হবে এবং **আবেদন ফরম ও অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি** নিয়োগ প্রক্রিয়া চলমান অবস্থায় ১৫/১০/২০২৫ হতে ০৫/১১/২০২৫ তারিখ (রাত:-১১.৫৯ ঘটিকা) পর্যন্ত বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে;

২) আবেদন ফি বাবদ **১০০ (একশত)** টাকা **অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার** মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না;

৩) আবেদনপত্র গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রার্থী লিখিত পরীক্ষার পূর্বে নির্ধারিত সময়ে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। একই প্রবেশপত্র দিয়ে প্রযোজ্য ক্ষেত্রে লিখিত এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে;

৪) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (http://cpgcbl.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়;

৫) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

৬) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল), ঢাকা এর ওয়েবসাইটে (**https://cpgcbl.gov.bd**) এ পাওয়া যাবে। এছাড়াও, **QR-Code** স্ক্যান এর মাধ্যমে টেলটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **https://cpgcbl.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

৭) আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হলে এবং নির্ধারিত সময়ের পর পাওয়া গেলে প্রার্থীতা সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোনোক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে না।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হলো।

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল) এর ওয়েবসাইটে প্রবেশের **QR Code**

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল) এর টেলিটক পোর্টালে প্রবেশের **QR Code**

09.10.2025

(কাউছার আহমেদ)

উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম এন্ড এডমিন)

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল), ঢাকা।

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)

Coal Power Generation Company Bangladesh Limited (CPGCBL)

**(An enterprise of Government of the People's Republic of Bangladesh)**

## অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি (**http://cpgcbl.teletalk.com.bd**) এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫/১০/২০২৫ খ্রিঃ সকাল- ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৫/১১/২০২৫ খ্রিঃ রাত- ১১:৫৯ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ সকল পদের জন্য Teletalk চার্জসহ পরীক্ষার ফি বাবদ **১০০/-(একশত)** টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS: CPGCBL**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **CPGCBL ABCDEF**

Reply: Applicant's Name, Tk- (application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CPGCBL <Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS: CPGCBL**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: CPGCBL YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for CPGCBL Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (**http://cpgcbl.teletalk.com.bd**) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ঝ. i. User ID জানা থাকলে: **CPGCBL**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: CPGCBL Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: **CPGCBL**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.

Example: CPGCBL Help PIN 12345678 & send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: CPGCBL Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।


(এ.জে.এম. মোস্তাফিজুর রহমান তালুকদার)

ব্যবস্থাপক (এইচআরএম/এডমিন)

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড, ঢাকা।

ইমেইল: **mostafiz.cpgcbl@outlook.com**